



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

website: www.bb.org.bd



বিআরপিডি সার্কুলার লেটার নং- ০৮

১০ মার্চ ২০২২
তারিখ : -----
২৫ ফাল্গুন ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

নিত্য প্রয়োজনীয় ভোগ্যপণ্য আমদানি ঋণপত্রের মার্জিন ও কমিশন প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, পবিত্র রমজান মাস এবং ঈদুল ফিতর আসন্ন। অপরদিকে কোভিড-১৯ মহামারী পরবর্তী পরিস্থিতিসহ নিয়ন্ত্রণবহির্ভূত বিভিন্ন কারণে বাজারে আমদানি নির্ভর নিত্য প্রয়োজনীয় ভোগ্যপণ্যের মূল্যের উর্ধ্বগতি পরিলক্ষিত হচ্ছে।

২। এমতাবস্থায়, আসন্ন রমজানে নিত্য প্রয়োজনীয় ভোগ্যপণ্যের মূল্যের উর্ধ্বগতি রোধ, পণ্যমূল্য সহনীয় পর্যায়ে রাখা এবং পর্যাপ্ত সরবরাহ নিশ্চিতকল্পে ভোজ্যতেল, ছোলা, ডাল, মটর, পেঁয়াজ, মসলা, খেজুর, ফলমূল এবং চিনিসহ অন্যান্য নিত্য প্রয়োজনীয় ভোগ্যপণ্য আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো:

(ক) আমদানি ঋণপত্রের মার্জিনের হার ন্যূনতম পর্যায়ে রাখতে হবে এবং ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে শূণ্য মার্জিনে ঋণপত্র খোলা যাবে; এবং

(খ) আমদানি ঋণপত্রের কমিশন ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে যথাসম্ভব ন্যূনতম পর্যায়ে রাখতে হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং ১০ মে ২০২২ পর্যন্ত বলবৎ থাকবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হল।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২